



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬নং ছোটঘর ইউনিয়ন পরিষদ

মোঃ শহীদুল হাসান খান (সোহাগ)

চেয়ারম্যান

মোবাঃ 01721 856609

কার্যালয় : গৌরদিয়া

ডাকঘর : গৌরদিয়া

উপজেলা : সালথা

জেলা : ফরিদপুর।

সূত্র :

তারিখ :

স্থানঃ পরিষদের স্থায়ী কার্যালয়

তারিখঃ ০৩/০১/২০২৩ ইং

সভাপতিত্বঃ মোঃ শহীদুল হাসান খান (সোহাগ), চেয়ারম্যান, অত্র পরিষদ
ঘটিকা

সময়ঃ সকাল ১০.০০

উপস্থিত সদস্যবৃন্দ

ক্রঃ নং	নাম	পরিচিতি	স্বাক্ষর
১.	মোঃ শহীদুল হাসান খান (সোহাগ)	ইউপি চেয়ারম্যান	স্বাক্ষরিত
২.	মোসাঃ রাজিয়া বেগম	সঃ মঃ সঃ- ১,২,৩	"
৩.	মর্জিনা বেগম	সঃ মঃ সঃ- ৪,৫,৬	"
৪.	জুলেখা বেগম	সঃ মঃ সঃ- ৭,৮,৯	"
৫.	মোঃ লতিফ মোল্যা	ইউপি সদস্য- ১	"
৬.	মোঃ জয়নাল মুন্সী	ইউপি সদস্য- ২	"
৭.	আব্দুল কুদ্দুস মোল্যা	ইউপি সদস্য- ৩	"
৮.	মোঃ আক্বাচ মাতুব্বর	ইউপি সদস্য- ৪	"
৯.	মোঃ কাওছার	ইউপি সদস্য- ৫	"
১০.	মোঃ দেলোয়ার হোসেন	ইউপি সদস্য- ৬	"
১১.	মোঃ মাসুদুর রহমান	ইউপি সদস্য- ৭	"
১২.	মোঃ ফারুক হোসেন	ইউপি সদস্য- ৮	"
১৩.	মোঃ মুক্তার হোসাইন	ইউপি সদস্য- ৯	"
১৪.	মোঃ সেলিম মোল্যা	স্বাস্থ সহকারী	"
১৫.	মোঃ মশিউর রহমান	স্বাস্থ সহকারী	"
১৬.	শেফালী রানী দে	স্বাস্থ সহকারী	"
১৭.	মোঃ মইনুল হোসেন	পরিবার পরিকল্পনা পরিদর্শক	"
১৮.	মোঃ ফরিদ হোসেন	এনজিও কর্মী	"
১৯.	মোঃ জামান মোল্যা	গন্যমান্য ব্যক্তি	"
২০.	মোঃ ছত্তার শেখ	গন্যমান্য ব্যক্তি	"
২১.	মোঃ শহিদুল ইসলাম	ইউপি সচিব	"

অদ্যকার সভা ৬নং আটঘর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ শহীদুল হাসান খান মহোদয়ের সভাপতিত্বে শুরু করা হয়। সভাপতি মহোদয় আলোচ্য সূচী অনুযায়ী উপস্থিত সদস্যবৃন্দকে বিস্তারিত আলোচনা ও মতামত প্রদানের জন্য অনুরোধ জানালে নিম্ন লিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(ক) জন্মের ৪৫ দিনের মধ্যে নবজাতক শিশুর জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করণ।	সভাপতি মহোদয় বলেন, জন্ম নিবন্ধন আইন, ২০০৪ এর ধারা (৫-৬) অনুসারে প্রতিটি ব্যক্তির জন্ম নিবন্ধন নিশ্চিত করা নিবন্ধকের একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব। ধারা ৯ অনুসারে একাজে সঠিক তথ্য দিয়ে সার্বিক সহায়তা করার জন্য অদ্যকার সভায় উপস্থিত সদস্যবৃন্দের যথেষ্ট গুরুত্ব রয়েছে। ৬৪ জেলার মধ্যে ফরিদপুর জেলা অনেক পিছিয়ে আছে। শিশু জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করা বাধ্যতামূলক এবং আইনি দায়িত্ব। একাজটি শতভাগ নিশ্চিত করার জন্য উর্দ্বতন কর্তৃপক্ষের জোরালো নির্দেশনা রয়েছে। মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রেও একই নির্দেশনা রয়েছে। এ বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন।	জন্ম-মৃত্যুর ৪৫ দিনের মধ্যে শতভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য তথ্য দিয়ে সার্বিক সহযোগীতা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	ইউপি সদস্য (সকল), স্বাস্থ্য সহকারী (সকল), গ্রাম পুলিশ, উদ্যোক্তা, গণ্যমান্য ব্যক্তি।
(খ) প্রচার প্রচারণা।	৮নং ওয়ার্ড সদস্য জনাব মোঃ ফারুক হোসেন বলেন, অভিভাবকের সচেতনতা বৃদ্ধির জন্য মাকিং করা দরকার।	চলিত মাসের ২০ তারিখের মধ্যে মাইকিং করা এবং পরবর্তী ওয়ার্ড মিটিংএ আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপি সচিব, গ্রাম পুলিশ, ইউপি সদস্য।
(গ) এক্সপেঙ্ক্টেড ডেলিভারী ডেইট তথ্য সংগ্রহ।	ইউপি সচিব জনাব মোঃ শহীদুল ইসলাম বলেন, উপজেলা নির্বাহী অফিসার, সালথা, ফরিদপুর স্যারের নির্দেশনা অনুযায়ী ইউনিয়ন স্বাস্থ্য কর্মীদের নিকট হতে ইডিডি তালিকা সংগ্রহ করে নিবন্ধনের কাজকে আরও ত্বরান্বিত করার প্রক্রিয়া চলমান রয়েছে এবং তালিকা অনুসারে অভিনন্দনপত্র প্রেরণ করা হচ্ছে। স্বাস্থ্য কর্মী ও গ্রাম পুলিশদের আন্তরিক সহযোগীতায় জেলার ৯ উপজেলার মধ্যে সালথা ৩য় অবস্থানে আছে। পরিবার পরিকল্পনা পরিদর্শক জনাব মোঃ আইয়ুব আলী জানান, প্রত্যেক মাসে ইডিডি তালিকা সরবরাহে সার্বিক সহযোগীতা করা হবে।	(ক) প্রত্যেক মাসে অন্তত ২ বার ইডিডি তালিকা সংগ্রহ করা। (খ) ইডিডি তালিকা অনুসারে অভিনন্দনপত্র প্রেরণ এবং মৃত ব্যক্তির পরিবারে শোক বার্তা প্রেরণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	এফডব্লিউডি, এফডব্লিউএ, গ্রাম পুলিশ, স্বাস্থ্য সহকারী, সার্বিক সহযোগীতায় পরিবার পরিকল্পনা পরিদর্শক, ইউপি সচিব।
(ঘ) টিকাদান কার্যে জন্ম নিবন্ধন নিশ্চিত করণ।	স্বাস্থ্য সহকারী বলেন, আমার কেন্দ্রে টিকাদানের সময় প্রতিটি অভিভাবককে বলা হয় যে, ৪৫ দিনের মধ্যে শিশুর জন্ম নিবন্ধন সম্পন্ন করবেন। নাহলে পরবর্তী টিকা দিতে আইনি জটিলতায় পরতে হবে। এতে করে অভিভাবকগণ সঠিক সময়ে নিবন্ধন করতে অনেকটা প্রভাবিত হয়।	জন্ম নিবন্ধন নিশ্চিত সাপেক্ষে টিকা কার্যের সকল ডোজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	স্বাস্থ্য সহকারী

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে সময়মত উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান এবং সকলের সুঃস্বাস্থ্য কামনা করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
সভাপতির স্বাক্ষর
মোঃ শহীদুল হাসান খান(সোহাগ)
চেয়ারম্যান
৬নং আটঘর ইউনিয়ন পরিষদ
সালথা, ফরিদপুর।